

## কবিতা বিকেল আয়োজিত ‘স্বাধীনতা ও বৈশাখ’

পারিসা হাসান



কবিতা বিকেল এর অনুষ্ঠানে যোগদেবার আমন্ত্রণ পেয়েছি অনেকবার তবে সময়ের অভাবে সবগুলোতে যোগ দেয়া হয়ে ওঠে না। কবিতা প্রেমীকদের আসরে এটা আমার চতুর্থ আগমন। আমার সবটুকু ভালোলাগা শব্দে প্রকাশ করতে পারবো না তবুও দু’কলম লিখতে ইচ্ছা করছে।

৪০তম স্বাধীনতা দিবস উপলক্ষে গত ২৬সে মার্চ ২০১১ শনিবার কবিতা বিকেল এর মনোজ্ঞ সাহিত্য আসর বসেছিল আবু মামুন ও মাহমুদা রুনা-র বাসায়। বিষয় “স্বাধীনতা ও বৈশাখ”। ৪০তম স্বাধীনতা দিবস উদযাপনের উদ্বোধন করেছে আমাদের পরবর্তী প্রজন্ম ৪০টি প্রদীপ জ্বালিয়ে।

অনুষ্ঠানের শুরুতেই বাংলাদেশের স্বাধীনতায় কবিতার বলিষ্ঠ অবদানের বিষয়ে আলোকপাত করেছেন বর্ষীয়ান সর্বজন শ্রদ্ধেয় মিঃ ও মিসেস নজরুল ইসলাম, আমাদের বন্ধু ও স্বজন ডঃ বদরুল খান ও ডঃ তাহমিনা রিজওয়ান। তারপর স্বাধীনতা ও বৈশাখের কবিতা, নাচ ও গান। শিরোনাম “স্বাধীনতা এক গোলাপ ফোটা নো দিন”। আংশগ্রহণে ছিলেন ছন্দা, প্রিয়েতা ও অথৈ। কাব্যিক আবহে অনবদ্য আবেদন সৃষ্টি করেছিলো ওদের পরিবেশনা।



তারপর কবিতা এবং গল্প অতঃপর আবার কবিতা। কবিতার পাঠ শুরু আমাদের শ্রদ্ধেয় ডঃ আবদুর রাযযাকের ১৯৭১ থেকে ২০১১ অব্দি কবিতার পাঠ ক্রমনিকায়। এরপর আমাদের পরম বন্ধু সিরাজুস সালেকিন - চোখের জলের আবেগ দিয়ে যুদ্ধদিনের একটি সত্য ঘটনা ও অসাধারণ একটি কবিতা পাঠ



করলেন। সবার বুকের গভীর থেকে কান্নার শব্দে উঠে এলো একটি মানচিত্র প্রাপ্তির আনন্দ-বেদনার কাব্য। সাহিত্যিক সাংগঠনিক আল-নোমান-শামীম তার নিজের লেখা দেশের দুটো কবিতা পড়ে শোনালেন। অনুষ্ঠানে আরো ছিলেন তরুণ লেখক প্রকাশক মাহবুবুর রহমান বাবু যিনি “বীরপ্রতিক ওডারল্যান্ড” বইটি লিখে জনপ্রিয় হয়েছেন।

এরপর কবিতা বিকেল এলো তার নিজস্ব আয়োজন নিয়ে। ডাঃ আয়াস চৌধুরী, রাজন নন্দি, আশীস বাবলু, সঞ্চয়, ডঃ মমতা চৌধুরী, সাইফুর রহমান অপু, সুরভী ছন্দা, ডাঃ জেসী চৌধুরী, শাকিল আরমান ও মাহমুদা রুন্না তাদের স্বদেশ ও কবিতার প্রতি গভীর মমত্ববোধের কথা বললেন - আরো বললেন স্বাধীনতা ও স্বদেশ নিয়ে অনেক সত্যগাথা আর পড়ে শোনালেন তাদের গল্প-কবিতা। একটি দুটি এবং আরো একটি।

এরপর গানের বেলা - গান পরিবেশন করলেন নাজমুল খান, সিরাজুস সালেকিন, তামিমা শাহরীন ও সুরভী ছন্দা।

আমি এবং আমরা দর্শক শ্রোতা উপভোগ করলাম সিডনীর এতোগুলো সংগীত এবং সাহিত্য প্রেমিকের সমন্বিত অনুষ্ঠান। বহুদিন মনে রাখবার মতো একটি আয়োজন। ধন্যবাদ কবিতা বিকেল। এক অনবদ্য ভালোলাগার আবেশ নিয়ে ঘরে ফিরেছি। সবার পক্ষ থেকে কবিতা বিকেল এর সাফল্যময় আগামীর শুভকামনা জানাচ্ছি।

